সব দিবি কে সব দিবি পায়,    আয় আয় আয় ।
ডাক পড়েছে ওই শোনা যায়,    আয় আয় আয় ॥
আসবে যে সে স্বর্ণরথে—  জাগবি কারা রিক্ত পথে
পৌষ-রজনী তাহার আশায়, আয় আয় আয় ॥
ক্ষণেক কেবল তাহার খেলা,    হায় হায় হায় ।
তার পরে তার যাবার বেলা,    হায় হায় হায় ।
চলে গেলে জাগবি যবে    ধনরতন বোঝা হবে,
বহন করা হবে-যে দায়,    আয় আয় আয় ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Style: Jhijhit-Baul
Visit www.geetabitan.com for notation and other detail